


# আমার আছে কী
# ভাবে জোনাকি

লেখক: সৈয়দা ফারজানা জামান রুম্পা
আঁকিয়ে: মাহবুবুর রহমান



BD-LLP-13-0013_Text_WhatDoesFireflyHave.indd 1
6/16/23 23:43



ছোট্ট এক জোনাকি থাকে এই বনে,
একা একা ঘোরে আর ভাবে মনে মনে।





BD-LLP-13-0013_Text_WhatDoesFireflyHave.indd 2 6/16/23 23:43




কত মজা কত শোভা আছে চারপাশে,
ফড়িং লুকিয়ে থাকে সবুজ এই ঘাসে।



BD-LLP-13-0013_Text_WhatDoesFireflyHave.indd 3 6/16/23 23:43

ফুলে ফুলে প্রজাপতি মেলে তার পাখা,
রঙিন পাখায় তার যেন ছবি আঁকা।





BD-LLP-13-0013_Text_WhatDoesFireflyHave.indd 4 6/16/23 23:43



দুই ঠোঁটে বাবুইটা বাসা বুনে যায়,
সুখে থাকে সেই ঘরে আর দোল খায়।



BD-LLP-13-0013_Text_WhatDoesFireflyHave.indd 5 6/16/23 23:43



এ গাছের মাকড়সা ঐ গাছে গিয়ে,
নিজে নিজে জাল বোনে নীল সুতো দিয়ে।



BD-LLP-13-0013_Text_WhatDoesFireflyHave.indd 6 6/16/23 23:43

ফুলে ফুলে মৌমাছি ঘোরে ঝাঁকে ঝাঁকে,
ফিরে এসে মধু জমা করে মৌচাকে।





BD-LLP-13-0013_Text_WhatDoesFireflyHave.indd 7 6/16/23 23:43



এত সব দেখে শুনে ভাবে জোনাকি,
ওদের আছে এত শোভা, আমার আছে কী?



BD-LLP-13-0013_Text_WhatDoesFireflyHave.indd 8 6/16/23 23:43




ভেবে ভেবে উড়ে যায় নদীটির পাশে,
জোনাকিকে দেখে নদী মিটিমিটি হাসে।



নদী বলে, জোনাকি, ভেবো না তো আর,
বুঝবে তোমার গুণ, নামলে আঁধার।



BD-LLP-13-0013_Text_WhatDoesFireflyHave.indd 10 6/16/23 23:43




অবশেষে জোনাকিটা দেখে হাসিমুখে,
আলো-ভরা তার ছায়া নদীটির বুকে।



BD-LLP-13-0013_Text_WhatDoesFireflyHave.indd 11 6/16/23 23:43

নদী বলে, বুঝলে তো, তোমার আছে কী!
খুশি মনে ঘরে ফেরে ছোট জোনাকি।





BD-LLP-13-0013_Text_WhatDoesFireflyHave.indd 12 6/16/23 23:43